

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
তালা, সাতক্ষীরা

স্মারক নং - ৩২.০১.৮৭৯০.০০০.১৬.০১৭.২১-২৪৩

তারিখ : ১২/১২/২০২১খ্রিঃ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব প্রকল্পের” অধীনে তালা উপজেলার সদর ইউনিয়নের কিশোর কিশোরী ক্লাবের সংগীত শিক্ষক পদ, খলিলনগর ইউনিয়নের কিশোর কিশোরী ক্লাবের সংগীত শিক্ষক পদ এবং খেশরা ইউনিয়নের কিশোর কিশোরী ক্লাবের আবৃত্তি শিক্ষক পদ শূন্য রয়েছে। সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন উক্ত ০৩টি ক্লাবের জন্য নিম্নোক্ত পদসমূহে দৈনিক ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আত্মহী বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম,গ্রেড ওবেতনস্কেল/সাকুল্য বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	বয়স
০১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক-৫০০/- সপ্তাহে ১ দিন শুক্র/শনিবার	০২ টি	এস,এস,সি পাশ। প্রার্থীকে শিশু একাডেমী, শিল্পকলা একাডেমী অথবা স্বনামধন্য প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত সনদ দাখিল করতে হবে।	সংগীত বিষয়ে ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে ১বছরের বাস্তব অভিজ্ঞতা। (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)। প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হতে হবে।	১৮-৩০ বছর
০২	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক-৫০০/- সপ্তাহে ১ দিন শুক্র/শনিবার	০১ টি	এস,এস,সি পাশ, প্রার্থীকে শিশু একাডেমী, শিল্পকলা একাডেমী এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থিত স্ব স্ব প্রতিষ্ঠানের সনদ দাখিল করতে হবে।	আবৃত্তি/কণ্ঠশীলন বিষয়ে ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)। প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হতে হবে।	১৮-৩০ বছর

**শর্তাবলীঃ**

- ০১। প্রার্থীকে আগামী ৩০/১২/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা বরাবর স্বহস্তে লিখিত আবেদন করতে হবে।
- ০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত আবৃত্তি ও সংগীত বিষয়ক শিক্ষক এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সম্মুখে গঠিত উপজেলা প্যানেল কমিটি সংশ্লিষ্ট উপজেলা প্রতিটি ক্লাবের প্রত্যেক পদের প্রতিটি পদে আবেদনকৃত যোগ্য প্রার্থীদের মধ্য ০৩(তিন) জনের একটি প্যানেল প্রণয়ন করবে।
- ০৩। আবৃত্তি ও সংগীত বিষয়ক প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে মহিলা প্রার্থী অগ্রাধিকার প্রাপ্ত হবেন। এ সকল প্রার্থী সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলার প্রার্থী পাওয়া না যায় তাহলে পার্শ্ববর্তী উপজেলা হতে এ সকল প্রার্থী চূড়ান্ত করতে হবে। প্রার্থীকে বাই সাইকেল চালানো জানতে হবে।
- ০৪। সরকার নির্ধারিত বিশেষ কোর্টায়(শহীদ মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/ এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে এ কোর্টায় চাকুরীর বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা পালন করা হবে।
- ০৫। আগামী ৩০/১২/২০২১ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২(বত্রিশ)বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।
- ০৬। আবেদনের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৭। আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ উপজেলা ও জেলার নাম উল্লেখ করতে হবে। বিশেষ কোর্টায় আবেদনকারীকে খামের উপর কোর্টার নাম উল্লেখ করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করা হবে।
- ০৮। চাকুরীর প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৯। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্র, নাগরিকত্ব সনদপত্রের কপি জমা দিতে হবে। সকল সনদপত্র ৯ম বা অনূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ১০। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১১। বিজ্ঞপ্তিতে শূণ্য পদের সংখ্যাহ্রাস-বৃদ্ধি বা বাতিল সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১২। চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান হবে না।
- ১৪। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১২.১২.২০২১

নাজমুন নাহার

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

তালা, সাতক্ষীরা।

মোবাইল: ০১৯৪২৪৩৯১৫৮

১২.১২.২০২১